

৪৪

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ৭ OCT-1995 ...

পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৪ ...

তিতুমীর কলেজে প্রিন্সিপাল ও
শিক্ষকবৃন্দকে তালাবদ্ধ রাখার
ঘটনায় কোন মামলা হয় নাই
ইত্তেফাক রিপোর্ট ॥ সরকারী
তিতুমীর কলেজের প্রিন্সিপালসহ
২৫ জন শিক্ষককে দীর্ঘ ৪ ঘন্টা
ছাত্র সংসদ নেতৃবৃন্দ কর্তৃক অফিস
কক্ষে তালাবদ্ধ করিয়া আটক
(১০ম পৃ: ৪-এর ক: দ্র:)

তিতুমীর কলেজ

(শেষ পৃ: পর)

রাখার ব্যাপারে কোন মামলা
হয় নাই। গুলশান থানা জানাই-
য়াছে পরিস্থিতি এখন শান্ত।

গত বৃহস্পতিবার সরকারী দলের
সমর্থক ছাত্র সংসদের নেতৃবৃন্দ
একাদশ শ্রেণীতে তাহাদের পছন্দ-
মত ছাত্রদের ভতির জন্য চাপ
দিনে প্রিন্সিপাল রাজী হন নাই।
কেননা সরকারী নতুন প্রবর্তিত
নিয়মানুযায়ী এবার হইতে নম্বরের
ভিত্তিতে ছাত্র ভতি করা হই-
য়াছে। সংসদ নেতৃবৃন্দ এ নিয়মের
ব্যত্যয় ঘটাইয়া অপেক্ষাকৃত কম
নম্বর প্রাপ্ত তাহাদের দলীয় শতা-
বিক ছাত্রকে ভতির জন্য চাপ
দেয়। প্রিন্সিপাল রাজী না হইলে
তাহাকে এবং শিক্ষকদের কক্ষে
আটক করিয়া টেলিফোন সংযোগ
কাটিয়া দেওয়া হয়। এমনকি
জানালায় ফাঁক দিয়া, ক্ষুধার্ত
শিক্ষকরা পিয়নকে খাবার
আনিতে দিলেও বাঁধা দেওয়া হয়।
এ ঘটনায় কলেজের ছাত্র ও
শিক্ষকদের মধ্যে বিরূপ প্রতি-
ক্রিয়ার সৃষ্টি হইয়াছে।